

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নথি নং- ৪৬.০০.৯৪০০.০১৭.২৭.০০২.১৬-৩৯১৬


তারিখ : ৩১ বৈশাখ, ১৪২৪
১৪ মে, ২০১৭

বিষয় : ঠাকুরগাঁও জেলার সদর উপজেলার জগন্নাথপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আলাউদ্দিন আলাল, ইউপি ওয়ার্ড সদস্য আনিসুর রহমান, কেদারনাথ রায় ও নারী সদস্য মালেকা বেগম এর বিরুদ্ধে নারীকে দিগম্বর করে নির্যাতনের অভিযোগ।

সূত্র : দৈনিক যুগান্ত পত্রিকায় প্রকাশিত গত ১০/০৫/২০১৭ তারিখের পেপার কাটিং।

উপর্যুক্ত বিষয়ে গত ১০/০৫/২০১৭ তারিখে দৈনিক যুগান্তর পত্রিকায় “ঠাকুরগাঁওয়ে নারীকে দিগম্বর করে নির্যাতন” শিরোনামে প্রকাশিত খবরের বিষয়টি উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি), ঠাকুরগাঁও অথবা অতিরিক্ত জেলা প্রশাসক, ঠাকুরগাঁও এর মাধ্যমে তদন্তপূর্বক দায়ী ব্যক্তিদের চিহ্নিত করে মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ১০/০৫/২০১৭ তারিখে দৈনিক যুগান্তর পত্রিকায়
“ঠাকুরগাঁওয়ে নারীকে দিগম্বর করে নির্যাতন”
শিরোনামে প্রকাশিত খবরের পেপার কাটিং
০১ (এক) পাতা।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
ঠাকুরগাঁও।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৬৬

সংবাদপত্রের নাম : **দৈনিক যুগান্তর**

প্রকাশনার স্থান :

তারিখ : **10 MAY 2017**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর

বাংলাদেশ সচিবালয়

ভবন নং-৯ (ক্লিনিক ভবন)

(৩য় ও ৪র্থ তলা)

ঢাকা।

সংবাদ
সম্পাদকীয়
প্রবন্ধ
চিঠিপত্র

ইউপি চেয়ারম্যানের নির্দেশ

**ঠাকুরগাঁওয়ে
নারীকে দিগম্বর
করে নির্যাতন**

ঠাকুরগাঁও প্রতিনিধি

ঠাকুরগাঁওয়ে এক চেয়ারম্যানের বিরুদ্ধে স্বামী পরিত্যক্তা এক নারীকে বাড়ি থেকে ডেকে নিয়ে দিগম্বর করে নির্যাতনের অভিযোগ উঠেছে। শুধু নির্যাতন নয়, ওই নারীর কাছে দুই লাখ টাকা চান দাবি করা হয়েছে। নির্যাতনের শিকার ওই নারী এখন সদর হাসপাতালে ভর্তি রয়েছেন। গত রোববার সদর উপজেলার দৌলতপুর মৌজার খোচাবাড়ি হাট এলাকায় এ ঘটনা ঘটে। জগন্নাথপুর ইউপি চেয়ারম্যান আলাউদ্দিন আলালের নির্দেশে নির্যাতনের এ ঘটনা ঘটে বলে জানা গেছে। জানা যায়, ওই নারীকে বাড়ি থেকে ধরে নেয়ায় নেতৃত্ব দেয়— ইউপি ওয়ার্ড সদস্য আনিসুর রহমান, কেনারনাথ রায় ও নারী সদস্য মালেকা বেগম। নির্যাতিত নারী যুগান্তরকে বলেন, 'আমার একমাত্র সম্বল ভিটেমাটিতে চেয়ারম্যান আলাউদ্দিন আলালের চোখ পড়েছে। তাই তিনি মিথ্যে অপবাদ দিয়ে আমাকে ভিটে থেকে উচ্ছেদ করতে চাচ্ছেন। আওয়ামী লীগের চেয়ারম্যানের নির্দেশে দুই মেঘরের নেতৃত্বে সন্ত্রাসীরা আমাকে নির্যাতন করে এবং দুই লাখ টাকা দাবি করে। টাকা না দিলে বাড়ি ছাড়তে হবে বলে জানিয়েছে।' তিনি আরও বলেন, 'মহিলা মেঘর মালেকা আমাকে দিগম্বর করে ইউনিয়ন পরিষদে মারধর করে। আর এ দৃশ্য উপভোগ করে চেয়ারম্যান, পুরুষ মেঘর ও সন্ত্রাসীরা।' নির্যাতিতার মেয়ে জানান, টিপসই দেয়ার নাম করে তার মাকে বাড়ি থেকে জোর করে নিয়ে যায় চেয়ারম্যানের লোকজন।

Handwritten signature/initials

Handwritten notes and signatures on the right side of the page, including names like 'আনিসুর রহমান' and 'মালেকা বেগম'.

অতিরিক্ত সচিব (এলজিডি)	
অতিরিক্ত সচিব (প্রশাসনিক/নির্দেশ/পাঠ/উন্নয়ন)	উপস্থাপন করুন
মহাপরিচালক (মইই)	প্রয়োজনীয় ব্যবস্থা নিন
সুপার-সচিব (ই/প/মনিটরিং/অডিট/কনট্রোল)	মন্তব্যসহ উন্নয়ন করুন
যুগ্ম-প্রকাশ/উপ-প্রকাশ/পরিচালনা (ই/ই)	জরুরী ভিত্তিতে পেশ করুন
পরিচালক (ই/উ/সুপা-সচিব (উন্নয়ন))	আলোচনা করুন
উপ-সচিব (সেবা/সিআইসি)	নথীভুক্ত করুন
সিনিয়র সচিব (সিআইসি)	সভায় আপনি যাবেন।
ডায়েরী নং: ২০১৭	
তারিখ: ১৪/০৫/১৭	

Handwritten signature/initials

Handwritten signature/initials at the bottom right